গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
জাতিসংঘ-৪ অধিশাখা
www.erd.gov.bd

## প্রেস বিজ্ঞপ্তি

জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (FAO) কারিগরি ও আর্থিক (অনুদান) সহায়তায় ২২ মে ২০২৩ খ্রিঃ তারিখ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং FAO এর মধ্যে 'Sustainable management of fisheries, marine living resources and their habitats in the Bay of Bengal region for the benefit of coastal states and communities'-শীর্ষক প্রকল্প চুক্তি স্বাক্ষরিত হয়। প্রকল্পের মূল উদ্দেশ্য হলো টেকসই ব্যবস্থাপনার মাধ্যমে বঙ্গোপসাগর ও উপকূলবর্তী এলাকায় মৎস্য ও সামুদ্রিক প্রাণিসম্পদ এবং এদের বিচরণস্থলের পরিবেশগত ভারসাম্য রক্ষা এবং সমুদ্র উপকূলবর্তী এলাকায় বসবাসরত জনগোষ্ঠীর জীবন-জীবিকা ও আর্থ-সামাজিক উন্নয়নে সহযোগিতা প্রদান করা। প্রকল্পে মোট অনুদান সহায়তার পরিমাণ ৫.০৫ লক্ষ মার্কিন ডলার। প্রকল্পটি মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়ের মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হবে। বন অধিদপ্তর প্রকল্প বাস্তবায়নে সহযোগী সংস্থা হিসাবে দায়িত্ব পালন করবে।

বাংলাদেশ সরকারের পক্ষে **মিজ শরিফা খান**, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং FAO এর পক্ষে Mr. Robert Douglas Simpson, FAO Representative in Bangladesh প্রকল্প-দলিল স্বাক্ষর করেন।

১৯৭৩ সাল হতে এ পর্যন্ত FAO কর্তৃক বাংলাদেশে ৩৫৪ টি প্রকল্পে কারিগরি গ্রান্ট সহায়তা প্রদান করা হয়েছে যা বৃহত্তর কৃষিখাতসহ (ফসল, মৎস্য ও প্রাণিসম্পদ), পরিবেশ ও অন্যান্য সংশ্লিষ্ট খাতের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সংস্থাটি আন্তর্জাতিক পর্যায়ে বৃহত্তর কৃষি খাতে আধুনিক পদ্ধতির প্রচলন, উত্তম-অনুশীলন ইত্যাদির বিনিময়ে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে থাকে। আলোচ্য প্রকল্পসমূহ কৃষি খাতে অষ্টম-পঞ্চবার্ষিক পরিকল্পনা ও টেকসই উন্নয়ন অভীষ্ট এর বিভিন্ন লক্ষ্য অর্জনে সহায়তা করবে। বাংলাদেশের সাথে FAO এর কান্ট্রি প্রোগ্রামিং ফ্রেমওয়ার্ক ২০২২-২০২৬ এর আওতায় এ সহায়তা প্রদান করা হচ্ছে যেখানে মূলতঃ অধিকতর কৃষি উৎপাদন, অতিকতর পুষ্টি, পরিবেশগত উন্নয়ন ও উন্নততর জীবনযাত্রার উপর গুরুত্ব আরোপ করা হয়েছে।

২২/০৫/২০২৩
বিধান বড়াল
উপ সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার